**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# কোভিড-19 মহামারীর প্রতি স্টেটের সাড়াদান উন্নত করতে গভর্নর হোকলের আইন স্বাক্ষর

***এই আইন (S.4516-C/A.7536-B) কোভিড-19 টিকা গ্রহণের রেকর্ড জাল করাকে অপরাধ হিসেবে গণ্য করেছে***

***এই আইন (S.4962/A.5062) স্কুলগুলোকে স্টেটব্যাপী ইমিউনাইজেশন ডেটাবেসের উন্নত অ্যাক্সেস প্রদান করছে***

***এই আইন (S.6375/A.5713) কোভিড-19 মহামারীর বিরুদ্ধে সাড়াদানের অংশ হিসেবে ভ্রাম্যমান সেবা এবং অন্যান্য মেডিকেল সেবা পৌঁছে দেয়া সম্পর্কে অধ্যয়ন পরিচালনার জন্য স্বাস্থ্য কমিশনারকে নির্দেশ প্রদান করছে***

***এই আইন (S.6070-A/A.7324-A) কোভিড-19 মহামারীর নির্দিষ্ট কিছু প্রভাব সম্পর্কে অধ্যয়ন পরিচালনার জন্য আর্থিক পরিষেবা বিভাগকে নির্দেশ প্রদান করছে***

গভর্নর ক্যাথি হোকল আজ একটি প্যাকেজ আইন স্বাক্ষর করেছেন যা চলমান কোভিড-19 মহামারীর প্রতি নিউ ইয়র্কের সাড়াদানকে উন্নত করবে। এই প্যাকেজ আইন টিকাগ্রহণের হার বৃদ্ধি এবং আমাদের অর্থনীতি ও স্বাস্থ্যসেবা ব্যবস্থার উপর এই মহামারীর প্রভাব অধ্যয়নের জন্য স্টেটের প্রচেষ্টাকে সামনে এগিয়ে নিতে একটি বৃহৎ পদক্ষেপ গ্রহণ করবে।

"মহামারী থেকে আমাদেরকে শিক্ষা গ্রহণ করা নিশ্চিত করতে হবে যাতে আমরা দ্বিতীয়বার একই ভুল না করি," **বলেছেন গভর্নর হোকল।** "এসব নতুন আইন আমাদেরকে এখনকার মহামারীর প্রতি আমাদের প্রতিক্রিয়া উন্নত করতে, টিকাগ্রহণের রেকর্ডের প্রতারণাপূর্ণ ব্যবহারগুলো বন্ধ করতে সাহায্য করবে, এবং ভবিষ্যতে যাতে আমরা আরো বেশি প্রস্তুত থাকতে পারি সেজন্য আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় যেসব উন্নতি করা প্রয়োজন সেগুলো আরো ভালোভাবে অনুধাবন করতে আমাদেরকে সাহায্য করবে।"

## কোভিড-19 টিকাগ্রহণের রেকর্ড জালিয়াতি

আইনটি (S.4516-C/A.7536-B) ব্যাখ্যা সংযোজন করেছে যে জালিয়াতি করার জন্য ব্যবহৃত হতে পারে এমন কোভিড টিকাগ্রহণের কার্ডকে একটি লিখিত ডকুমেন্ট হিসেবে বিবেচনা করা

হবে যা কোভিড-19 টিকাগ্রহণের কার্ড জাল করাকে একটি A শ্রেণির অপরাধে পরিণত করে। এছাড়াও এটি কোভিড-19 এর টিকাদান সম্পর্কিত "কম্পিউটার উপাদানে" ইচ্ছাকৃতভাবে প্রবেশ করা, পরিবর্তন করা অথবা বিনষ্ট করার জন্য কম্পিউটারে অবৈধ হস্তক্ষেপের জন্য তৃতীয় মাত্রার নতুন অপরাধ E তৈরি করেছে। যেসব ব্যক্তি তাদের টিকাগ্রহণের ইতিহাস ভুলভাবে উপস্থাপন করেন তারা শুধু নিজেদেরই নয়, বরং তাদের সংস্পর্শে আসা সবার স্বাস্থ্যকে বিপদের সম্মুখীন করেন। এই আইনটি নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক খুলতে শুরু করা এবং বহু ব্যবসা প্রতিষ্ঠান টিকাগ্রহণের স্ট্যাটাস চেক করার উপর নির্ভর করার এই সময়ে, টিকাগ্রহণের রেকর্ড জালিয়াতি করা বরদাশত করা হবে না।

**সিনেটর অ্যানা এম. কাপলান বলেন,** "ওমিক্রন ভ্যারিয়েন্ট যখন আমাদের কমিউনিটিকে বৃহত্তর ঝুঁকির সম্মুখীন করছে এবং মহামারী থেকে সেরে উঠার ক্ষেত্রে আমাদের অর্জনের প্রতি হুমকি হয়ে উঠছে, এসময়ে অসংখ্য নিয়োগকর্তা, স্কুল, ক্ষুদ্র ব্যবসা, ও কমিউনিটি তাদের জায়গাগুলোকে কোভিডের বিস্তার থেকে নিরাপদ রাখার একটি হাতিয়ার হিসেবে টিকাগ্রহণের অবস্থার প্রকৃত প্রমাণের উপর নির্ভর করছে। এই প্রক্রিয়াটিকে জালিয়াতি থেকে রক্ষা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি জরুরি হয়ে পড়েছে যাতে অসাধু ব্যক্তিদের দ্বারা টিকার কার্ড বা পাসপোর্টের প্রতারণাপূর্ণ ব্যবহারের কারণে জনসাধারণের স্বাস্থ্য ও সুরক্ষা ঝুঁকিগ্রস্ত না হয়। 'টিকাগ্রহণের সত্যতা' আইনটি লোকজনকে তাদের টিকাগ্রহণের অবস্থা সম্পর্কে মিথ্যাচারে লিপ্ত হওয়া থেকে বিরত রাখতে একটি শক্তিশালী প্রতিবন্ধক হিসেবে কাজ করবে, যা জনস্বাস্থ্য সুরক্ষিত রাখবে এবং আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধার যাতে সামনের দিকে এগিয়ে যেতে পারে তা নিশ্চিত করবে। এই সংকটের মোকাবেলায় গভর্নর হোকলের নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ এবং আইন প্রণেতাদের মাধ্যমে এই অতি গুরুত্বপূর্ণ আইনটি পাশ হওয়ার ক্ষেত্রে আমার সঙ্গে অংশীদারিত্বের জন্য অ্যাসেম্বলিম্যান জেফরি ডিনোউইটজের প্রতি আমি কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলি সদস্য জেফরি ডিনোউইটজ বলেন,** "টিকাদানের আবশ্যকতা সংক্রান্ত ডাটা সুস্পষ্ট - সেগুলো কাজ করছে। তবে, নির্দেশ মেনে চলার ভান ধরার জন্য নিউ ইয়র্কবাসীরা যত সহজে টিকাগ্রহণের রেকর্ড জাল করতে পারেন তা আশ্চর্যজনক। এই নতুন আইনটি নিঃসন্দেহে প্রসিকিউটর ও আইন প্রয়োগকারী সংস্থার অন্যান্যদেরকে কর্মস্থল, ব্যবসা প্রতিষ্ঠান, রেস্তোরাঁ, ও আরো অনেক জায়গায় টিকাগ্রহণের আবশ্যকতা আরোপের কার্যকারিতা ক্ষুণ্ণ করার মাধ্যমে লোকজন জনস্বাস্থ্যের যে ক্ষতি করছে সেজন্য তাদেরকে দায়বদ্ধ করতে সাহায্য করবে। এই বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় গভর্নর হোকলকে ধন্যবাদ, এবং অন্য চেম্বারে এই বিল এগিয়ে নেয়ার জন্য তার অংশীদারিত্বের জন্য স্টেট সিনেটর কাপলানকে ধন্যবাদ।"

## স্টেটব্যাপী ইমিউনাইজেশন ডেটাবেসে স্কুলগুলোর অ্যাক্সেস উন্নত করা

এই আইন (S.4962/A.5062) স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH)-এর জন্য প্রতিটি স্কুলকে তাদের শিক্ষার্থীদের টিকা গ্রহণের রেকর্ড অ্যাক্সেস করার সুযোগ প্রদান করা আবশ্যক করার মাধ্যমে স্কুলগুলোকে স্টেটব্যাপী ইমিউনাইজেশন ডাটাবেসের উন্নত অ্যাক্সেস প্রদান করবে। বর্তমানে, স্কুল ভিত্তিক স্বাস্থ্যকেন্দ্র নয় এমন স্কুলগুলো নিউ ইয়র্ক স্টেট ইমিউনাইজেশন সিস্টেম (New York State Immunization Information System, NYSIIS) এর শুধু রিড-অনলি অ্যাক্সেস পাচ্ছে। এর ফলে স্কুলগুলোকে তাদের প্রত্যেক শিক্ষার্থীর টিকা গ্রহণের রেকর্ড

পৃথকভাবে অনুসন্ধান করতে হয় এবং সেগুলোকে ম্যানুয়ালভাবে তাদের ডাটাবেসে ডাউনলোড করতে হয়। সম্প্রতি পাঁচ থেকে আঠারো বছরের শিক্ষার্থীদের টিকাগ্রহণ বৃদ্ধি পাওয়ায়, স্কুলগুলোকে তাদের সম্পূর্ণ টিকাগ্রহণের ডাটার রোস্টার ডাউনলোড করার সুযোগ দেয়া কর্মীদের বহু ঘণ্টার পরিশ্রম বাঁচিয়ে দিবে, এবং স্কুলগুলোতে সংক্রমণের প্রতি সাড়াদান উন্নত করবে।

**সিনেটর এলাইজাহ রেইখলিন-মেলনিক বলেন,** "এই নতুন আইন স্কুলের নার্সদেরকে ক্লান্তিকর দাপ্তরিক কাজের তুলনায় তাদের পরিচর্যাধীন শিশুদের স্বাস্থ্যের প্রতি মনোযোগ দেয়ায় বেশি সময় ব্যয় করার সুযোগ দেয়। লাল ফিতার দৌরাত্ম্য এড়ানো এবং স্কুলগুলোতে স্বাস্থ্যসেবা পেশাজীবীদের টাইপিং এর চেয়ে সেবা প্রদানে বেশি সময় ব্যয় করা নিশ্চিত করার জন্য এই বাইপার্টিজান আইনটি উত্থাপনের জন্য পৃষ্ঠপোষকতা করতে পেরেছিলাম বলে আমি গর্বিত। কোভিড-19 মহামারী আমাদেরকে শিক্ষা দিয়েছে যে আমাদেরকে আমাদের স্বাস্থ্যসেবা ও শিক্ষা ব্যবস্থা আরো কর্মদক্ষ, আরো বেশি সহানুভূতিপূর্ণ, এবং অধিকতর ফলপ্রসূ করতে হবে, এবং এই আইনটি নিউ ইয়র্কের সঠিক পথে এগিয়ে যাওয়া ধরে রাখতে গভর্নরের স্বাক্ষরিত প্যাকেজ বিলের একটি গুরুত্বপূর্ণ অংশ।"

**অ্যাসেম্বলি সদস্য ড. অ্যানা কেলেস বলেন**, "কোভিড-19 মহামারী চলাকালীন সময়ব্যাপী স্কুলের শিশুদের স্বাস্থ্য ও মানসিক সুস্থতা বজায় রাখতে স্কুলের নার্সরা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। নার্সরা যাতে ডাটা এন্ট্রি নিয়ে ব্যস্ত না থেকে তাদেরকে সেবা প্রদান করতে পারে তা নিশ্চিত করার জন্য আমরা আমাদের শিশুদের কাছে প্রতিশ্রুতিবদ্ধ। শিক্ষার্থীদের রেকর্ডগুলো ম্যানুয়ালভাবে প্রবেশ করানোর জন্য নার্সরা হাজার হাজার ঘণ্টা ব্যয় করে থাকেন। এই আইনটি ডাটা নয় বরং শিক্ষার্থীদের প্রতি মনোযোগ দেয়ার সুযোগ করে দেয়। এটি এজন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ কারণ শিক্ষার্থীরা মহামারীর সাথে সম্পর্কিত বর্ধিত মাত্রার মানসিক ও আবেগ-সংক্রান্ত সমস্যার সম্মুখীন হয়ে থাকে, যা বিশেষ করে অল্প বয়সী শিশুদের প্রায় ক্ষেত্রেই পেটে ব্যথা, ব্যথা, ও মাথা ব্যথা হিসেবে প্রকাশ পায়। স্কুল নার্সরা এই সংকট মোকাবেলায় সামনের সারিতে থেকেছেন এবং আজ এই আইনটি স্বাক্ষর করে তাদের কিছু বোঝা হালকা করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

## DOH মহামারী সম্পর্কিত মেডিকেল সেবা বিষয়ক অধ্যয়ন পরিচালনা করবে

এই আইনে (S.6375/A.5713) স্বাস্থ্য কমিশনারকে কোভিড-19 মহামারীর বিরুদ্ধে সাড়াদানের অংশ হিসেবে ভ্রাম্যমান সেবা এবং অন্যান্য মেডিকেল সেবা পৌঁছে দেয়া সম্পর্কে অধ্যয়ন পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। এরপর কমিশনার কমিউনিটির জন্য আবশ্যক অ্যাম্বুলেটরি স্বাস্থ্যসেবা পরিষেবাগুলোর সম্পূর্ণ পরিসর পৌঁছে দেয়া, গুণমান, অ্যাক্সেসযোগ্যতা, ও ব্যয় উন্নত করার জন্য সুপারিশ প্রদান করবেন। এই অনুসন্ধানের ফলাফল ও সুপারিশগুলো পরবর্তীতে DOH-এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই বিল নিউ ইয়র্কবাসীদের জন্য, বিশেষ করে পাবলিক হাসপাতাল নেই এমন এলাকায় ব্যাপকভাবে অ্যাম্বুলেটরি সেবার উপর নির্ভর করে থাকেন এমন ব্যক্তিদের জন্য মেডিকেল অ্যাক্সেস উন্নত করতে সাহায্য করবে। 2017 সালে একই ধরনের একটি অধ্যয়ন পরিচালনা করা হয়েছিল, তাই মহামারী আমাদের মেডিকেল সেবা ব্যবস্থাকে কিভাবে প্রভাবিত করেছে এটি সেটা দেখার একটি সুযোগ।

**সিনেটর ডিয়ান স্যাভিনো বলেন,** "স্ট্যাটেন আইল্যান্ডে এবং স্টেটজুড়ে অন্য কয়েকটি এলাকায় কোনো পাবলিক হাসপাতাল নেই, যেসব স্থান পাবলিক হাসপাতালের মরুভূমিতে পরিণত হয়েছে। কোভিড-19 মহামারীর বিরুদ্ধে সাড়াদানের ক্ষেত্রে স্টেটের মধ্যকার অ্যাম্বুলেটরি স্বাস্থ্য পরিষেবাগুলোর ব্যাপারে এই অধ্যয়ন স্টেটের সংস্থানগুলো কোথায় রয়েছে এবং সেগুলো কোথায় থাকা প্রয়োজন তার একটি রোডম্যাপ প্রদানে সাহায্য করবে। এই বিষয়টিকে সামনে নিয়ে আসার জন্য আমি আমার সহকর্মী অ্যাসেম্বলিম্যান চার্লস ফলকে সাধুবাদ জানাই এবং এই বিলে স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করায় আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য চার্লস ডি. ফল বলেন,** "স্ট্যাটেন আইল্যান্ডে এবং স্টেটের নির্দিষ্ট কিছু অঞ্চলে কোনো পাবলিক হাসপাতাল না থাকায়, বহু অধিবাসী বিস্তৃত পরিসরের মেডিকেল পরিষেবার জন্য কমিউনিটি-ভিত্তিক স্বাস্থ্যসেবার উপর নির্ভর করে থাকেন, যার মধ্যে সর্বাধিক ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের কিছু অংশের ফিজিক্যাল, আঘাত সম্পর্কিত ও অসুস্থতার ডায়াগনোসিস ও সেবা, র‍্যাপিড ল্যাব টেস্ট ও স্ক্রিনিং, শিশুদের সেবা এবং মহিলাদের সুস্থতার প্রয়োজনসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। আমাদের দৈনন্দিন জীবনকে অব্যাহতভাবে বিপর্যস্ত করতে থাকা এই মহামারী ও এর ভ্যারিয়েন্টগুলো মোকাবেলা অব্যাহত রাখার এই সময়ে, অধিবাসীরা যাতে তাদের স্বাস্থ্যসেবার প্রয়োজনগুলো পাওয়া অব্যাহত থাকে তা আমাদেরকে নিশ্চিত করতে হবে। ফেডারেল ও স্টেট পর্যায়ের জোরদার প্রটোকল রক্ষার সময়ে বয়োবৃদ্ধ অথবা অন্য কোনো সেবাকেন্দ্রে ভ্রমণ করে যাওয়ার মতো নির্ভরযোগ্য পরিবহনের অভাব রয়েছে এমন বাসিন্দা থাকাটা নিউ ইয়র্কের অধিবাসীদের জন্য, বিশেষ করে স্ট্যাটেন আইল্যান্ডের উত্তর উপকূলের বাসিন্দাদের সুস্থতার জন্য ক্ষতিকারক।"

**DFS কোভিড-19 এর প্রভাব সম্পর্কে অধ্যয়ন পরিচালনা করবে**

এই আইন (S.6070-A/A.7324-A) আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services, DFS)-কে যথাযথ ব্যাংক সেবা থেকে বঞ্চিত ও সুবিধাবঞ্চিত এলাকাগুলো, ক্ষুদ্র ব্যবসা এবং সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর ঋণ প্রাপ্তির উপর কোভিড-19 মহামারীর প্রভাব সম্পর্কে একটি অধ্যয়ন পরিচালনার নির্দেশ প্রদান করেছে। মহামারীর ফলে সংখ্যালঘু ও নিম্ন-আয়ের এলাকাগুলো বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, তাই এই আইন স্টেট সরকারের কর্মকর্তাদেরকে এসব কমিউনিটিতে ব্যাংকিং সেবা কিভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং আরো বেশি অ্যাক্সেসযোগ্য ব্যাংকিং সুবিধা তৈরির জন্য কী সমাধান রয়েছে সে সম্পর্কে অবহিত করবে।

**সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন,** "যেহেতু সংখ্যালঘু ও নিম্ন-আয়ের কমিউনিটিগুলো কোভিড-19 মহামারী দ্বারা অসমভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে,
তাই নীতি নির্ধারক ও জনসাধারণের জন্য এসব কমিউনিটিতে ব্যাংকিং সেবা অথবা ব্যাংকিং সেবার অভাব কী প্রভাব সৃষ্টি করে থাকতে পারে তা অনুধাবন করা একটি গুরুত্বপূর্ণ ব্যাপার। ব্যাংকিং খাতের সেবা দেয়ার ক্ষেত্রে ভবিষ্যতে এসব কমিউনিটির জন্য আমরা কী ভূমিকা রাখতে পারি সে সম্পর্কে আমাদের অধ্যয়ন করা ও জানার প্রয়োজন রয়েছে।"

**অ্যাসেম্বলি সদস্য খলিল অ্যান্ডারসন বলেন,** "গভর্নর হোকল আমার বিলটিকে (A-7324A/S-06070A) স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি অনুপ্রাণিত বোধ করছি, যে আইনটি ব্যাংক সেবা না থাকা এবং যথাযথ ব্যাংক সেবা থেকে বঞ্চিত কমিউনিটিগুলোতে কোভিড-19 মহামারীর প্রভাবের উপর আলোকপাত করবে। অধিবাসীদের আর্থিক স্বাস্থ্যের উন্নতি এবং ক্ষুদ্র ব্যবসা ও MWBE-সমূহের জন্য মূলধনের অ্যাক্সেস বৃদ্ধি করার ক্ষেত্রে ব্যাংকিং একটি অপরিহার্য হাতিয়ার, বিশেষ করে নিউ ইয়র্ক সিটি ও স্টেটব্যাপী কৃষ্ণাঙ্গ ও বাদামী গাত্রবর্ণের কমিউনিটিগুলোতে। সুবিধাবঞ্চিত কমিউনিটিতে ব্যাংক সম্পর্কিত উপকমিটির সভাপতি হিসেবে, ঐতিহাসিক কাল থেকে যথাযথ সংস্থানপ্রাপ্তি থেকে বঞ্চিত কমিউনিটিগুলোতে ব্যাংকিং অবকাঠামো পুনর্নির্মাণে সাহায্য করতে আমি দৃঢ় প্রতিজ্ঞ। স্টেটব্যাপী কৃষ্ণাঙ্গ ও বাদামী গাত্রবর্ণের কমিউনিটিগুলোর অধিবাসী ও ক্ষুদ্র ব্যবসার মালিকদের জন্য, যারা মূলধনের অ্যাক্সেস পাওয়ার জন্য সংগ্রামে লিপ্ত রয়েছেন, অর্থনৈতিক পুনরুদ্ধারের উন্নতি ঘটানোর উদ্দেশ্যে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ অধ্যয়নকে অগ্রাধিকার দেয়ায় আমি গভর্নরের প্রশংসা করি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন